

📖 সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪১৪৫

২৮/ কসম (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৬. আল্লাহর নামে এমন শপথের ব্যপারে অনমনীয়তা নিষিদ্ধ; যাতে শপথকারীর পরিবার কষ্ট পায় অথচ (বাস্তবে) তা হারাম নয়

باب النَّهْيِ عَنِ الْإِصْرَارِ، عَلَى الْيَمِينِ فِيمَا يَتَأَذَّى بِهِ أَهْلُ الْحَالِفِ مِمَّا لَيْسَ بِحَرَامٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، حَدَّثَنَا مَعْمَرٌ، عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ، قَالَ هَذَا مَا حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ أَحَادِيثَ مِنْهَا وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " وَاللَّهِ لَأَنْ يَلْجَأَ أَحَدُكُمْ بِيَمِينِهِ فِي أَهْلِهِ آثَمُ لَهُ عِنْدَ اللَّهِ مِنْ أَنْ يُعْطِيَ كَفَّارَتَهُ الَّتِي فَرَضَ اللَّهُ " .

বাংলা

৪১৪৫। মুহাম্মাদ ইবনু রাফি (রহঃ) ... হাম্মাম ইবন মুনাব্বিহ (রহঃ) আবু হুরায়রা (রাঃ) এর সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বহু হাদীস বর্ণনা করেছেন। সে সবার মধ্যে অন্যতম- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর কসম! তোমাদের কারো তার পরিবারের সাথে (কোন বিষয়ে) আল্লাহর নামে কসম করে তাতে অনমনীয়তা দেখানো অধিক গুনাহের কারণ বলে বিবেচিত হবে- কসম করে আল্লাহর (ফরযকৃত) নির্ধারিত (শপথ ভঙ্গের) কাফফারা আদায় করার তুলনায়।

English

Hammam b. Munabbih reported:

This is what Abu Huraira reported to us from Allah's Messenger (ﷺ), and he narrated a hadith and (one) of them is that Allah's Messenger (ﷺ) said: I swear by Allah, it is more sinful in Allah's sight for one of you to persist in an oath regarding his family than payment of its expiation which Allah has imposed upon him (for breaking the oath).

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু মুনাবিহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=13756>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন